

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

[মূসক আইন ও বিধি শাখা]

আদেশ

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

নং ১০/মূসক/২০২০—চলতি মূলধনের স্বল্পতার জন্য বাকীতে (credit) উপকরণ ক্রয় ব্যবসায়িক বাস্তবতা। বাকীতে উপকরণ ক্রয় করার ক্ষেত্রে তাঁক্ষণিকভাবে ব্যাংকিং মাধ্যমে সরবরাহ মূল্য পরিশোধ করা হয় না। অপরদিকে মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (১) দফা (ক) অনুযায়ী করযোগ্য সরবরাহের মূল্য ১ (এক) লক্ষ টাকার বেশি হলে এবং তা যদি ব্যাংকিং চ্যানেলে পরিশোধ না করা হয় তবে সেক্ষেত্রে রেয়াত গ্রহণ করা যায় না। এছাড়াও ধারা ৪৬ এর উপ-ধারা ১(গ) অনুযায়ী ৪ (চার) কর মেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াদ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। সে কারণে এ ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাকীতে উপকরণ ক্রয় করা হলে রেয়াত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকলে ব্যবসায়িক বাস্তবতা বিবেচনায় নিয়ে বাকীতে উপকরণ ক্রয়ের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথা :—

- (ক) মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৫১ অনুযায়ী কর চালানপত্র (মূসক-৬.৩) এর মাধ্যমে ক্রয়কৃত উপকরণ উৎপাদনস্থলে প্রবেশের পর ক্রয় হিসাব পুস্তক (মূসক-৬.৩) এ তা এন্ট্রি করতে হবে;
- (খ) যে করমেয়াদে উপকরণ ক্রয় করা হয়েছে সেই একই করমেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) এর মাধ্যমে উপকরণ কর রেয়াতে গ্রহণ করতে হবে;
- (গ) ক্রয়কৃত উপকরণের অপরিশোধিত সরবরাহ মূল্যের বিপরীতে প্রদেয় উপকরণ কর একই করমেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) এ বৃদ্ধিকারী সমন্বয় করতে হবে;

(১১৮৪৭)

মূল্য : টাকা ৮.০০

- (ঘ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধিত হতে হবে;
- (ঙ) বাকীতে ক্রয়কৃত উপকরণের সরবরাহ মূল্য ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে ব্যাংকিং চ্যানেলে পরিশোধের পর সরবরাহ মূল্যের বিপরীতে প্রদত্ত উপকরণ কর বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে যে কোন কর মেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) এক্সকারী সমন্বয় করতে হবে ;
- (চ) মূল্য সংযোক কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর অন্যান্য সকল বিধান পরিপালন করতে হবে;
- (ছ) বাকীতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে উপর্যুক্ত কার্যক্রম বাকীতে পণ্য ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) কর মেয়াদের মধ্যে সম্পন্ন করতে হবে ;
- (জ) উপর্যুক্ত পদ্ধতি পরিপালিত না হলে গৃহীত উক্তরূপ ত্বাসকারী সমন্বয় বাতিলযোগ্য হবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)।